# সোনালী ব্যাংক পিএলসি
শ্রীবরদী শাখা, শেরপুর।

**অর্থ ঋণ আদালত আইন ২০০৩(সংশোধনী ২০১০)এর ১২(৩) ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তির নিলাম বিজ্ঞপ্তি।**

ঋণ গ্রহীতা/ঋণ গ্রহীতা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা ঃ "মেসার্স সেলিম এন্টারপ্রাইজ" এর স্বত্ত্বাধিকারী প্রোঃ মোঃ জাফর উল্লাহ, পিতা- মোঃ নিয়ামত উল্লাহ, মাতা- মৃত জাহানারা বেগম,শ্রীবরদী বাজার,শ্রীবরদী, শেরপুর।

এই মর্মে সর্ব সাধারণের অবগতির জানানো যাইতেছে যে, অত্র শাখা হইতে গৃহীত উপরি-উক্ত ঋণগ্রহীতা/ঋণ গ্রহীতা প্রতিষ্ঠানের ঋণ হিসাবে ৩০.০৬.২০২৩ ইং তারিখ ভিত্তিক ব্যাংকের পাওনা **১২,৯৯,৪৭৩/- টাকা (কথায়ঃ-বারো লক্ষ নিরানব্বই হাজার চারশত তেহাত্তর টাকা মাত্র) এবং আদায়কালতক অনারোপিত সুদসহ অন্যান্য পাওনাদি আদায়ের নিমিত্ত** অত্র শাখার অনুকূলে বন্ধকীকৃত নিম্ন বর্ণিত হাইপোঃ/প্লেজ মালামাল (যেখানে যে অবস্থায় রহিয়াছে)/বন্ধকীকৃত স্থাবর সম্পত্তি (নির্মানাদিসহ) অর্থ ঋণ আদালত আইন ২০০৩ (সংশোধিত ২০১০) এর ১২(৩) ধারার বিধান মোতাবেক নিলাম বিক্রয় করা হবে। নিলাম ক্রয়ে আগ্রহী ক্রেতাগণের নিকট হইতে নিম্নবর্ণিত শর্তাবলীতে সীলমোহারকৃত দরপত্র আহবান করা যাইতেছেঃ

সম্পত্তির তফসীল

মৌজা-তাতিহাটি, থানা-শ্রীবরদী, জেলা-শেরপুর।

| খতিয়ান নং | | | | খারিজ | দাগ নং | | | | জমির পরিমান |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| সিএস | আর এস | আওআর | বিআরএস | | সি এস | আর এস | আওআর | বিআরএস | |
| - | ১৪ | ৩০ | ২১৪ | ৩৮২ | - | ৪৭৫ | ৪৭৫ | ৮৯৯ | ০.৫১ একর |
| | | | | | | | | মোট | ০.৫১ একর |

## শর্ত সমূহঃ

১) আগামী ২০/০২/২০২৪ তারিখ বেলা ৪.০০ ঘটিকর মধ্যে দরপত্র সোনালী ব্যাংক পিএলসি,শেরপুর তে রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র জমা দিতে হইবে। ঐ দিনই বেলা ৪.১৫ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে। দরপত্র সরাসরি অথবা রেজিস্ট্রি ডাক যোগে প্রেরণ করা যাইবে। রেজিস্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে উক্ত শাখা/অফিসে পৌছাইতে হইবে।

২) দরপত্র সীলমোহারকৃত খামে এবং খামের উপরে স্পস্ট অক্ষরে বন্ধকী সম্পত্তি ক্রয়ের দরপত্র লিখিয়া দাখিল করিতে হইবে। দরপত্রে দরপত্র দাতার নাম, পিতা/স্বামীর নাম, ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর এবং প্রস্তাবিত একক প্রতি দর ও মোট মূল্য অথবা গুদামে মজুদ সমূদয় মালামাল (যেখানে যে অবস্থায় রহিয়াছে)/সম্পত্তির মোট প্রস্তাবিত মূল উল্লেখ করিতে হইবে।

৩) দরপত্র দাখিল করিবার সময় প্রযোজ্য আর্নেস্ট মানি ও মূল্য পরিশোধের সময় সীমা নিম্নোক্ত ছকে দেওয়া হইলঃ

| আর্নেস্ট মানি/জামানতের পরিমাণ | অবশিষ্ট মূল্য পরিশোধের সময়সীমা |
|---|---|
| ক) উদ্ধৃত দর ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ২০% হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৩০ দিবসের মধ্যে |
| খ) উদ্ধৃত দর ১০.০১ লক্ষ টাকা হইতে ৫০.০০ লক্ষ পর্যন্ত দরপত্র মূল্যের ১৫% হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৬০ দিবসের মধ্যে |
| গ) উদ্ধৃত দর ৫০.০ লক্ষ টাকার অধিক হইলে দরপত্র মূল্যের ১০% হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৯০ দিবসের মধ্যে |

**(চলমান পাতা-০২)**

৪) দাখিলকৃত দরপত্রে উল্লিখিত অবশিষ্ট মূল্য নির্ধারিত সময়সীমার মধ্যে পরিশোধে ব্যর্থতায় সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর এবং পূর্বে বাজেয়াপ্তকৃত জামানতের অর্থ একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে, উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে মালামাল/সম্পত্তি নিলাম খরিদ করিতে আহবান করা হইবে; এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা (আহুত হইবার পর ০৩ নং অনুচ্ছেদে নির্ধারিত সময় সীমার মধ্যে) সম্পূর্ণ মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে তাহার জামানতও বাজেয়াপ্ত করা হইবে। বাজেয়াপ্তকৃত জামানতের টাকা উক্ত দাবীকৃত টাকার সহিত সমন্বয় করা হইবে।

৫) দরপত্রে উল্লিখিত মালামাল/তফসিলভুক্ত সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে কর্তৃপক্ষ দরপত্র বাতিল করিতে পারিবে।

৬) দরপত্র দাতা এক বা একাধিক তফসিলে বর্ণিত সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র জমা দিতে পারিবেন। তবে একই তফসিল ভুক্ত সম্পত্তির আংশিক দরপত্র গ্রহণযোগ্য হইবে না।

৭) নিলাম ক্রেতা কর্তৃক সমূদয় মূল্য পরিশোধের পর প্রয়োজনীয় আইনানুগ আনুষ্ঠানিকতা সম্পাদন সাপেক্ষে নিলাম ক্রেতার অনুকুলে মালামাল/সম্পত্তি হস্তান্তর করা হইবে। নিলাম ক্রেতাকে মালামাল হস্তান্তরের/সম্পত্তি রেজিস্ট্রেশন, দখল সংক্রান্ত যাবতীয় ব্যায় বহন করিতে হইবে। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরপত্র দাতাকে বহণ করিতে হইবে।।

৮) ঋণ গ্রহীতা/প্রতিষ্ঠানের নিকট নিলামতব্য সম্পত্তি/মালামাল সংক্রান্ত সরকারী কর/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কোন দাবী/পাওনা যথা-বিদ্যুৎ, গ্যাস, পানির বিল,পৌরকর, ভুমিকর ইত্যাদি বকেয়া থাকিলে তাহা নিলাম ক্রেতাকে বহন করিতে হইবে।

৯) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো কিংবা কারণ দর্শানো ব্যাতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করে।

১০) দরপত্র গৃহীত না হইলে দরপত্র দাতা কে জামানতের টাকা সর্বোচ্চ ৩ (তিন)কর্ম দিবসের মধ্যে ফেরৎ দেওয়া হইবে।

১১) নিলামে অংশ গ্রহণে ইচ্ছুক ব্যাক্তিগণ বন্ধকী সম্পত্তি সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য নিম্নস্বাক্ষরকারীর সহিত যোগাযোগ করিতে পারিবেন।

ম্যানেজার

মোবাইলঃ ০১৭৩১২০২০৯০

এ.এস.এম. মাসুম চৌধুরী
ম্যানেজার (সিনিয়র প্রিন্সিপাল অফিসার)
বি-৩১০৯
সোনালী ব্যাংক পিএলসি
শ্রীবরদী শাখা, শেরপুর।